

তারিখ ... ..  
পৃষ্ঠা ... কলাম ...

# নয়দিনে প্রকাশিত হয়েছে ৫ শতাধিক বই

বেজানুর রহমান এ একশে বইমেলা শ্রেণিক, পাঠক ও প্রকাশকের মিলনে মেলায় পরিণত হয়েছে। গতকাল শনিবার মেলায় ৯২ দিনেও ফেতা-দর্শকের ভীড় ছিল উল্লেখ করার মত। প্রায় প্রতিটি টলে ফেতা-দর্শকের ভীড় করে পড়তেন। বাংলা একাডেমীর তথ্যকেন্দ্রের ডায়েরী অনুযায়ী গতকাল বইমেলায় মোট ৬৭টি নতুন বই এসেছে। এর মধ্যে গোড়া প্রকাশনীর ৯টি, খেয়া প্রকাশনীর ১টি, হাতেপাড়ে প্রকাশনীর ৫টি, সময় প্রকাশনের ৩টি, অন্য ধারার ২টি, কলামেলা প্রকাশনের ২টি, অধুনা প্রকাশনীর ৩টি, ঐতিহ্য প্রকাশনীর ৩টি, সুলেখা প্রকাশনীর ৩টি বই

বয়েছে। উল্লেখযোগ্য বই হলো : ইমদাদুল হক মিলনের সায়েদ ফিকশন, সেলিনা হোসেনের 'গল্প-প্রান্তিকে স্রিয়ংবদা, আমানউল্লাহ অশুর কবিতা গ্রন্থ তুমি আছো অন্তরে, আলী ইমামের কিশোর গ্রন্থ 'আলী ইমাম অকনিবাস, খালেদা এদিস চৌধুরীর গল্পগ্রন্থ 'নির্বাচিত গল্প সংগ্রহ', আবু সাঈদের ছড়াগ্রন্থ 'বাহাতর পচাতর ও অন্যান্য, আমীরুল ইসলামের সায়েদ ফিকশন 'ভয়ংকর জবিয়াৎ', শামসুলজামান বান সম্পাদিত 'কবি মঈনুদ্দীন জলাপাতবার্ষিকী স্মারক গ্রন্থ', কবি মহসিন হোসাইনের ছড়াগ্রন্থ 'মুক্তিযুদ্ধের ছড়া, হাসান (১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ প্রঃ)

## ৯ দিনে

(শেষ পৃষ্ঠার পর)

হাফিজের কবিতাগ্রন্থ 'দারবতাই অত্র আমার', কায়সুল হকের কবিতা গ্রন্থ 'রবীন্দ্রনাথের বিরূপম বাগান' ইত্যাদি। এছাড়াও বইমেলা উপলক্ষে অন্য প্রকাশ থেকে হুমায়ূন আহমেদের নতুন বই 'তৃত সন্ন্য', কবি মহাদেব সাহার নতুন বই 'পৃথিবী, তোমাকে আমি ভালোবাসি প্রকাশিত হয়েছে। শিবা প্রকাশনী থেকে গতকাল খিতালী হোসেনের নতুন বই 'আমার দেখা নারী', কমলেশ রায়ের সায়েদ ফিকশন আরক, হাসান মোস্তাফিজুর রহমানের 'হাবিবাবি' এবং তোমার কী কিছুই করার ছিল না, ঐতিহ্য প্রকাশনী থেকে ফারুক হোসেনের গল্পগ্রন্থ 'বায়োটোপ' গতকাল প্রকাশিত হয়েছে। গতকাল পর্যন্ত বইমেলায় প্রকাশিত বইয়ের সংখ্যা দাঁড়িয়েছে ৫০০।

এদিনে প্রতিদিন বইমেলায় নীতিমলা ভঙ্গ হচ্ছে। অথচ কর্তৃপক্ষ দেখেও না দেবার ভান করছেন। মেলায় কয়েকদিন আগে একটি 'ফল-ফাঁকা করে দেয়া হয়েছিল। তখন ফাঁকা ষ্টল পাহারা দিয়েছে পুলিশ। গতকাল দেখা গেল যে বইখানি বিক্রির অভিযোগে ফাঁকা করা হয়েছিল ষ্টলটি সেই বইখানি আবার বিক্রি করছে। ষ্টলটির সামনে পুলিশ প্রতিদিনের মতই দাঁড়িয়ে আছে। মেলা সৃষ্টিভায়ে সম্পন্ন করার লক্ষ্যে একাডেমীর সামনের রাস্তায় যানবাহন চলাচল বন্ধ করা হয়েছে। এটি সুযোগে ভ্রাম্যমাণ দোকান-পদরা বসেছে রাস্তার ওপর। রাস্তার দুইধারে চটপটিনের হাটকা পাবরের দোকানও পসেছিল গতকাল। একটি সূত্র জানায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ছাত্র সংগঠনের ক্যাডাররা এই দোকান পদরা বসানোর ব্যাপারে সাহস যুগিয়েছেন। বিনিময়ে তাদের কেউ কেউ চাঁদা তুলছেন নির্দিষ্ট দোকান থেকে।

উল্লেখ্য, একশে পটমেলা প্রতিদিন শুরু হয় বেলা ২টায়। শেষ হয় রাত ৮টায়। গতকাল ২০ জন কর্মসূত্রে মেলায় বই বিক্রি হচ্ছে।